



নোবিপ্রিবি/জনপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২৩/১৫৬২

২৬ মার্চ ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রিবিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্যাপিত

যথাযোগ্য মর্যাদায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রিবি) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্যাপন করা হয়েছে। আজ রবিবার (২৬ মার্চ ২০২৩) সকালে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন নোবিপ্রিবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। এসময় নোবিপ্রিবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর সহ নোবিপ্রিবি পরিবারের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার মধ্যে উল্লেখযোগ্য ছিল, জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, বর্ণাচ্য শোভাযাত্রা, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ, গার্ড অব অনার প্রদান, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ।

এদিন সকালে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। এরপর স্বাধীনতা দিবসের বর্ণাচ্য র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে শহীদ মিনার ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়। শহীদ মিনারে প্রথমে নোবিপ্রিবির মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ শ্রদ্ধা নিবেদন করেন। পরে নোবিপ্রিবির বিভিন্ন অনুষদ, ইনসিটিউট, হল, বিভাগ, শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশন, কর্মচারীবৃন্দ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করা হয়।

সকাল সাড়ে দশটায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বৌর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইন্দিস অডিটোরিয়ামে পৰিত্ব ধর্মগ্রন্থ পাঠের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়। নোবিপ্রিবির উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদ্যাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, “স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি জানাই বিন্মু শ্রদ্ধা। একজন মহান নেতার হাত ধরে স্বাধীনতা সংগ্রামের মাধ্যমে একটি স্বাধীন দেশের সৃষ্টি। ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। এরপর নয় মাসের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয় কাঞ্চিত স্বাধীনতা। বঙ্গবন্ধু এদেশের খেটে খাওয়া মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য একটি স্বাধীন দেশের জন্ম দিয়ে গেছেন। আজ জাতির পিতার সুযোগ্য কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার নেতৃত্বে বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়েছে বাংলাদেশ। আধুনিক ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের এই অগ্রযাত্রা অব্যাহত থাকবে, আজকের দিনে এ প্রত্যাশা করি। জাতির পিতা সহ স্বাধীনতা সংগ্রামের সকল শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন নোবিপ্রিবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। তিনি বক্তব্যে স্বাধীনতা সংগ্রামের মহান্যায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিন্মু চিত্তে শ্রদ্ধা নিবেদন করেন। একই সঙ্গে ১৫ আগস্টের সকল শহীদ ও মহান স্বাধীনতা সংগ্রামের সকল শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নোবিপ্রিবি শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক বিপ্লব মল্লিক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভৃংগা, আইআইটি পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, ভাষা শহীদ আব্দুস সালাম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান রিমল, শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব রংবেল মিয়া, নোবিপ্রিবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক জনাব মেজবাহ উদ্দিন পলাশ, কর্মচারীদের পক্ষে জনাব সোহরাব হোসেন।

সভাপতির বক্তব্যে নোবিপ্রিবির উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদ্যাপন কমিটির আহ্বায় অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, বাংলাদেশের স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। বঙ্গবন্ধুর বর্ণাচ্য রাজনৈতিক জীবন থেকে এ প্রজন্মের অনেক কিছু শেখার আছে। নতুন প্রজন্ম জাতির পিতার আদর্শে অনুপ্রাণিত হোক এ প্রত্যাশা করি। জয় বাংলা- জয় বঙ্গবন্ধু।’ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রিবির বিভিন্ন অনুষদসমূহের ডিন, ইনসিটিউটসমূহের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দ এবং ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানটি সম্পূর্ণ করেন টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক জনাব সঞ্জয় কুমার রায়।

উল্লেখ্য, এর আগে ২৫ মার্চ কালরাত্রিতে গণহত্যায় নিহতদের স্মরণে নোবিপ্রিবি কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মোমবাতি প্রজ্ঞালন ও নিষ্পত্তীপক্রম কর্মসূচি পালন করা হয়।

R. Md. Md.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ନୋଆଖାଲୀ ବିଜ୍ଞାନ ଓ ପ୍ରୟୁକ୍ତି ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ ।